

স্মারকনং-চাঁমেক/২০২১/৩০৪

তারিখ : ০৫/০৫/২০২১খ্রিঃ।

**এমবিবিস কোর্সে ভর্তি সংক্রান্ত নোটিশ (শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১)**

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধি/চিঃশিঃ/ভর্তি/এমবিবিস/২০২০-২০২১/৫১০, তারিখঃ ০৪/০৪/২০২১ইং মোতাবেক মেডিকেল ভর্তি পরীক্ষায় ১ম বর্ষ এমবিবিস কোর্সে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অত্র কলেজের অনুকূলে প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধি/চিঃশিঃ/ভর্তি/এমবিবিস/২০২০-২০২১/৫১৯, তারিখঃ ২৭/০৪/২০২১ইং অনুযায়ী আগামী ২৩/০৫/২০২১, ২৪/০৫/২০২১ ও ২৫/০৫/২০২১ইং তারিখ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হইবে। অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হইতে দুপুর ২:৩০ ঘটিকা) নিম্নেবর্ণিত সকল কাগজপত্রাদিসহ প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে কলেজে উপস্থিত থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

**ভর্তির জন্য যাবতীয় মূল সনদ/কাগজ-পত্রাদি ও অন্যান্য তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইল :**

- ক) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সত্যায়ন ব্যতীত ফটোকপি (অফসেট) জমা দিতে হবে।
- খ) এসএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদ পত্র, এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদ/প্রশংসা পত্র জমা দিতে হবে।  
উল্লেখ্য, ০১(এক) বৎসর পূর্বে পাশকৃত ছাত্র-ছাত্রীদের এইচ.এস.সি পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট জমা প্রদান করতে হবে।
- গ) ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি ও আবেদনের Students Copy জমা দিতে হবে।
- ঘ) এমবিবিস ভর্তি পরীক্ষার রেজাল্ট ২০২০-২০২১ ইং কপি জমা দিতে হবে।
- ঙ) ও লেভেল এবং এ লেভেল-এ পাশকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মূল মার্কসীটসমূহ সমতাকরন (Equivalence) পূর্বক সমতাকরন সার্টিফিকেট, মার্কসীট ও সনদপত্র/ প্রশংসা পত্র অবশ্যই জমা রাখতে হবে।
- চ) জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌর সভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র মূল কপি (জেলা কোটার ক্ষেত্রে) জমা দিতে হবে।
- ছ) পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদ পত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র জমা দিতে হবে।
- জ) মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩২৫.০১৯.২০.৮৭৫, তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
- ঝ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত, আইডি কার্ড তৈরীর জন্য ০১(এক) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি। উল্লেখ্য, ছাত্র/ছাত্রীদের আবেদন পত্রে (ভর্তি ফরম) সংযুক্ত ফটো ও প্রবেশ পত্রে লাগানো ফটোর সহিত তাহার বর্তমান প্রদত্ত ছবি একই হতে হবে।
- ঞ) প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে ভর্তির সময় পূরনকৃত যাবতীয় কাগজ-পত্রে স্বাক্ষরের মিল থাকতে হবে।
- ট) ভর্তির সময় দাখিলকৃত স্বয়ংক্রিয় অভিশ্রায়নের ফরম কোনরূপ পবির্তন, পরিবর্ধন বা বাতিলের আবেদন গ্রহন যোগ্য হবে না।
- ঠ) হোস্টেলের সীটের আবেদনের জন্য পিতা ও মাতার ০১(এক) কপি করে ছবি জমা দিতে হবে।
- ড) উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। পরবর্তীতে কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।
- ঢ) ভর্তি ফিসহ যাবতীয় ফি বাবদ সর্বমোট ২৩,২০০/- (তেইশ হাজার দুইশত) টাকা জমা প্রদান করতে হবে।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানে জন্য অনুরোধ করা হইল।

স্বাক্ষর:

(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালেহ উদ্দিন)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।

ফোনঃ ০৮৪১-৬৭০৪০

Email: chandpurmc@ac.dghs.gov.bd

তারিখ : ০৫/০৫/২০২১খ্রিঃ।

স্মারকনং-চাঁমেক/২০২১/৩০৪/১(৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

২। বিভাগীয় প্রধান, এন্যাটমি/ফিজিওলজি/বায়োকেমিস্ট্রি, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ।

স্বাক্ষর  
০৫/০৫/২১

(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালেহ উদ্দিন)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।